শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

একটি বালিকা যে দু'বার জীবন পেল

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Janie Forest

অভিযোজন: Ruth Klassen
Alastair Paterson
অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

যায়ীর একজন ইহুদি নেতা ছিলেন, যিনি ঈশ্বরের উপাসনা করতেন ও ঈশ্বরের বাক্য অন্যদেরকে শিক্ষা দিতেন। একদিন এক ভয়ঙ্কর সমস্যা যায়ীরের কাছে এল। তার বারো বছরের প্রিয় মেয়ের অসুখ হল। এরকম মনে হচ্ছিল যে, কেউ তাকে সাহায্য করতে পারবে না। এটা ছিল একটা কঠিন অসুখ। যায়ীর জানত যে, তার মেয়ে মরতে চলেছে।

একমাত্র একজনই যায়ীরকে সাহায্য করতে পারে। যায়ীর যীশুকে খুঁজতে বেরিয়ে পড়ল এবং তাঁকে তার ঘরে নিয়ে আনলেন। যায়ীর সম্ভবত জানত যে, তার ধর্মীয় বন্ধুরা যীশুকে অনুমোদন করবে না, কিন্তু যায়ীর এতে কিছু মনে করল না।

মেয়ে মারা যাবার আগে তাকে সাহায্য পেতেই হবে।

যায়ীর দেখতে পেল, লোকেরা যীশুকে ঘিরে রয়েছে।

সে যীশুর পায়ের কাছে নতজানু হয়ে বলল, “আমার ছোট্ট মেয়েটি মৃত্যুশয্যায় শুয়ে আছে। আসুন, এবং আপনার হাত তার উপর দিন, যাতে ও সুস্থ হয় এবং বেঁচে যায়।”

যীশু যায়ীরের সঙ্গে গেলেন, কিন্তু প্রচণ্ড ভিড়ের জন্য তারা তাড়াতাড়ি বেরোতে পারল না। একজন মহিলা প্রায় বারো বছর ধরে প্রচণ্ড অসুস্থ অবস্থায় ছিল। সে কারও কাছে সাহায্য না পেয়ে সমস্ত ডাক্তারদের কাছে গিয়েছিল (এবং তার সমস্ত টাকা-পয়সা ব্যায় করেছিল)। ও! কীভাবেই না সে যীশুকে দেখতে চেয়েছিল!



মহিলাটি কী পেতে চায়? মহিলাটি ফিসফিস করে বলল, “যদি আমি যীশুর কাপড় স্পর্শ করি, তাহলে আমি হয়তো ভালো হয়ে যেতে পারি।” সে যীশুর দিকে সামান্য এগোল, তারপর হাত বাড়াল। সে যীশুর কাপড় স্পর্শ করল।

অলৌকিক! অলৌকিক! ক্ষণিকের মধ্যে মহিলাটি সম্পূর্ণ সুস্থ হয়ে গেল। সে জানল যে, সে সম্পূর্ণ সুস্থ ও সবল হয়েছেন। কিন্তু তারপর একটি স্বর ভেসে এল, যীশু জিজ্ঞাসা করলেন, “কে আমাকে স্পর্শ করেছে?” জনতা তাঁকে স্পর্শ করেছে। কিন্তু যে মহিলাটি সুস্থ হয়েছে, সে জানত যে যীশু চান যেন সে এই সম্বন্ধে বলা। ভীত হয়ে সে তাঁকে সমস্ত খুলে বলল।

ঠিক সেই সময়ে যায়ীরের ঘর থেকে একজন চাকর এল। বলার আগেই তাদের মুখ দেখে সমস্ত ঘটনা বোঝা যাচ্ছিল। যারা যায়ীরকে বলল, "আপনার মেয়ে মারা গেছে।" মৃত! অনেক দেরি হয়ে গেছে। বোধহয়, যদি না ঐ মহিলাটি দেরি করত ... বোধহয় যদি ... মৃত, তাহলে যাযীরের মূল্যবান মেয়েটি বেঁচে যেত। যীশু যখন শুনতে পেয়ে উত্তর দিলেন, "ভয় পেও না, শুধু বিশ্বাস কর এবং তাকে সুস্থ করা হবে।" যীশুকে বিশ্বাস করতে যায়ীরের কত না অসুবিধা হয়েছিল। তার মেয়ে মারা গিয়েছিল।

ঘরেতে মেয়েটির জন্য সবাই কাঁদছিল ও দুঃখ করছিল। যীশু বললেন, “সে মৃত নয়, কিন্তু ঘুমাচ্ছে।” তারা যীশুর প্রতি হাঁসল। তারা জানত যে মেয়েটি মারা গেছে।

যীশু সবাইকে ঘর থেকে বার হতে বললেন, মেয়েটিকে হাতে তুলে বললেন “ছোট্ট মেয়ে, ওঠ!” যায়ীর ওখানে ছিল। তার স্ত্রীও ওখানে ছিল। যীশুর তিনজন শিষ্যও ছিল। তারা প্রত্যেকে যীশুর কথা শুনতে পেয়েছিল। ছোট্ট মৃত মেয়েটিও কি তাদের কথা শুনেছিল?



মৃত মেয়েটি যীশুর
আদেশ শুনতে পেল!
তার আত্মা ফিরে এল,
ও সঙ্গে সঙ্গে
সে উঠে পড়ল।

মেয়েটির বাবা ও মা অবাক হয়ে গিয়েছিল। যীশু তাদের বললেন, মেয়েটিকে কিছু খেতে দিতে। কত না খুশি তারা অনুভব করেছিল, কত না কৃতজ্ঞ তারা যীশুর প্রতি হয়েছিল। যীশুর প্রেম ও ক্ষমতা তাদের মেয়েকে মৃত্যু থেকে ফিরিয়ে এনেছিল।

একটি বালিকা যে দু’বার জীবন পেল

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

মার্ক ৫; লুক ৮

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬